

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.২৩.০০৮.১৯-১২৪৫

তারিখঃ ১৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নং-জ:শ:উ:/বাস্তবায়ন কমিটি/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৬৫, তারিখঃ ২৫/০৯/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করা হয়েছে। জাতীয় কমিটির নির্দেশনার আলোকে জাতীয় বাস্তবায়ন কমিটির সভাসমূহে এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা ও পরীক্ষা করে জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচিত প্রস্তাবসমূহ নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনায় এ বিভাগের সাথে সংশ্লিষ্ট অংশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ড, কুখ্যাত অবৈধ দায়মুক্তি অধ্যাদেশ (ইনডেমনিটি অর্ডিন্যান্স) বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে আইনজীবী সমিতি ভবনে আলোচনা অনুষ্ঠান আয়োজন এবং ২৮ এপ্রিল, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় আইনগত সহায়তা দিবসের সকল কর্মসূচি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে উৎসর্গ করণ। উক্ত কর্মপরিকল্পনার যেসব ক্ষেত্রে বাস্তবায়নের সময়কাল ও স্থান নির্ধারণ করা হয়নি, সেসব ক্ষেত্রে সময়কাল ও স্থান নির্ধারণপূর্বক জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। আইন ও বিচার বিভাগের সাথে সংশ্লিষ্ট পরিকল্পনাসমূহ বাস্তবায়নের সময় কাল ও স্থান নির্ধারণপূর্বক জাতীয় কমিটিকে অবহিত করার নিমিত্ত জরুরী ভিত্তিতে ০৭.১১.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিষয়ক প্রতিবেদনের হার্ডকপি আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫) বরাবর এবং সফটকপি section5@lawjusticediv.gov.bd ইমেইলযোগে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মোঃ মোস্তাফিজুর রহমান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

section5@lawjusticediv.gov.bd

ফোন : ৯৫৭৭৪২০

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ... (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ... (সকল)।
- ৪। বিভাগীয় স্পেশাল জজ... (সকল)।
- ৫। স্পেশাল জজ... (সকল)।
- ৬। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল... (সকল)।
- ৭। বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল... (সকল)।
৭. বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল... (সকল)।
- ৮। মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, ঢাকা।
- ৯। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
- ১০। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।

- ১১। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।
- ১২। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ১৩। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট... (সকল)।
- ১৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট... (সকল)।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. ব্যক্তিগত কর্মকর্তা [য়ুগ্ম-সচিব (প্রশাসন-১/২)/মতামত/বাজেট ও উন্নয়ন/সলিসিটর], আইন ও বিচার বিভাগ।
৫. অফিস কপি।